

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি কলেজ-৫ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.২৬.০০১.১৮.১৯৯

তারিখ: ৩ আশ্বিন ১৪২৫

১৮ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: সরকারি পি.সি. কলেজ, বাগেরহাট এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের একটি ম্যুরাল নির্মাণের অনুমতি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বাগেরহাট জেলার সরকারি পি.সি. কলেজে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরাল নির্মাণে নিম্নোক্ত শর্তে অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

শর্তসমূহ:

- ১। এতে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবেনা;
- ২। কলেজের উন্নয়ন তহবিল হতে ব্যয় নির্বাহ করতে হবে;
- ৩। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর হতে প্রাক্কলনের অনুমোদন গ্রহণ করতে হবে;
- ৪। কলেজ কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় রেখে কাজ বাস্তবায়ন করতে হবে;
- ৫। বিধি মোতাবেক PPA এবং PPR অনুসরণ করে কাজ বাস্তবায়ন করতে হবে;
- ৬। আর্থিক অনিয়ম সংঘটিত হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন;
- ৭। শিক্ষার্থীদের নিকট থেকে এ বাবদ অতিরিক্ত কোন ফি আদায় করা যাবে না;
- ৮। শিক্ষা মন্ত্রণালয় হতে ৬ জুলাই ২০১৪ তারিখের শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫ নং পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।



১৮-৯-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম  
উপসচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.২৬.০০১.১৮.১৯৯/১(৫)

তারিখ: ৩ আশ্বিন ১৪২৫

১৮ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) অধ্যক্ষ, সরকারি পি.সি. কলেজ, বাগেরহাট।
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৮-৯-২০১৮

মোহাম্মদ রাশেদুল ইসলাম  
উপসচিব